

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.৩১.০০৭.১২- ৯৬৯


তারিখ: ১২ ভাদ্র ১৪৩০
২৭ আগস্ট ২০২৩

বিষয়ঃ নেত্রকোণা জেলার কেন্দ্রুয়া পৌরসভাকে ‘খ’ শ্রেণি হতে ‘ক’ শ্রেণিতে উন্নীতকরণ প্রসঙ্গে।

সূত্র: জনাব অসীম কুমার উকিল, মাননীয় সংসদ সদস্য, নেত্রকোণা-০৩ এর ১৩/০৮/২০২৩ তারিখের ডিওপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নেত্রকোণা জেলার কেন্দ্রুয়া পৌরসভাকে ‘খ’ শ্রেণি হতে ‘ক’ শ্রেণিতে উন্নীতকরণের বিষয়ে নিম্নোক্ত হালনাগাদ তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) পৌরসভা সরকারী সাহায্য বা অনুদান ব্যতীত বিগত ৩(তিন) অর্থ বছরের খাতওয়ারী রাজস্ব আয়ের বিবরণী ও ৩ (তিন) বছরের মোট আয়-ব্যয় এবং গড় আয়-ব্যয়;
- (খ) বিগত ০৩(তিন) অর্থ বছরের হোল্ডিং ট্যাক্সের দাবী ও আদায়ের পরিমাণ (শতকরা হারসহ);
- (গ) পৌর কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা ও আনুতোষিক বকেয়া আছে কিনা;
- (ঘ) স্থানীয় বিদ্যুৎ অফিস কর্তৃক বিদ্যুৎ বিল পরিশোধের প্রত্যয়নপত্র;
- (ঙ) বর্ণিত পৌরসভা শ্রেণি পরিবর্তন হলে অর্গানোগ্রাম অনুযায়ী কর্মকর্তা/কর্মচারী পদায়ন করা হলে তাদের বেতন-ভাতা প্রদানে সক্ষম হবে কিনা;
- (চ) ‘ক’ শ্রেণিতে উন্নীত করা হলে রাজস্ব আয় থেকে বেতন-ভাতা প্রদানের ক্ষেত্রে রাজস্ব ঘাটতি ঘটবে কিনা;
- (ছ) বিগত ১০ বছরে কতজন কর্মকর্তা/কর্মচারী অবসর গ্রহণ করেছেন। তাদের আনুতোষিক কত টাকা পরিশোধ করা হয়েছে এবং কত টাকা বকেয়া রয়েছে;
- (জ) নিয়মিত আনুতোষিক কর্তন করা হয় কিনা এবং কর্মকর্তা-কর্মচারীদের পৃথক একাউন্ট আছে কিনা; এবং
- (ঞ) বিএমডিএফ হতে কোন ঋণ গ্রহণ করা হয়েছে কিনা?



(ফারজানা মান্নান)

উপসচিব

ফোনঃ ০২-২২৩৩৫৫৫৭২

E-mail: lgpaura2@lgd.gov.bd

মেয়র
কেন্দ্রুয়া পৌরসভা
নেত্রকোণা।

অনুলিপি:

- ১। জনাব অসীম কুমার উকিল, মাননীয় সংসদ সদস্য, নেত্রকোণা-০৩।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।